DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে
সত্যের সাথে, সত্যের পথে
সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 16 Aug 2026, 04:19 AM

আন্তর্জাতিক

# মধ্যপ্রাচ্যে নতুন ফ্রন্টে যুদ্ধ, মিসরের গ্যাস বন্দরে বিস্ফোরণ

প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক
প্রকাশের তারিখ: বৃহস্পতিবার, ৩০ জুলাই ২০২৬, ০২:৪৩ PM



মধ্যপ্রাচ্যের চলমান সংঘাত নতুন মাত্রা পেয়েছে। বুধবার (২৯ জুলাই) মিসরের দামিয়েত্তা প্রাকৃতিক গ্যাস বন্দরে ড্রোন হামলায় বিস্ফোরণ ও অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে। তবে ওই হামলার জবাবে মিসর এখনও কোনো পদক্ষেপ নেয়নি।

আন্তর্জাতিক গণমাধ্যমগুলো জানিয়েছে, একই দিনে ইরাকে ইরান-সমর্থিত সশস্ত্র গোষ্ঠীগুলোর বিরুদ্ধে যৌথ বিমান হামলা চালিয়েছে যুক্তরাষ্ট্র ও সৌদি আরব। এর জবাবে ইরান আবার জর্ডানে মার্কিন ঘাঁটি ও হরমুজ প্রণালিতে থাকা জাহাজ লক্ষ্য করে হামলার কথা স্বীকার করেছে।

ব্রিটিশ সামুদ্রিক নিরাপত্তা প্রতিষ্ঠান অ্যামব্রের তথ্য অনুযায়ী, দামিয়েত্তা বন্দরে একটি জাহাজে ড্রোন আঘাত হানলে আগুন ছড়িয়ে পাশের আরেকটি জাহাজেও পৌঁছে যায়। নাবিকদের নিরাপদে সরিয়ে নেওয়া হয়েছে এবং আগুন নিয়ন্ত্রণে আনা হয়েছে। তবে এ হামলার দায় এখনো কোনো পক্ষ স্বীকার করেনি।

এদিকে, যুক্তরাষ্ট্র ও সৌদি আরব জানিয়েছে, ইরাক থেকে সৌদি তেলের স্থাপনায় চালানো ড্রোন হামলার জবাবে তারা ইরান-সমর্থিত পপুলার

মোবিলাইজেশন ফোর্সেস (পিএমএফ)-এর বিভিন্ন ঘাঁটিতে হামলা চালিয়েছে। পিএমএফ-এর দাবি, এসব হামলায় অন্তত ২০ জন নিহত এবং ৩২ জন আহত হয়েছেন।

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ইরানকে কঠোর হুঁশিয়ারি দিয়ে বলেছেন, মার্কিন সেনাদের ওপর হামলা অব্যাহত থাকলে যুক্তরাষ্ট্র কঠোর জবাব দেবে।

অন্যদিকে, ইরানের প্রেসিডেন্ট মাসউদ পেজেশকিয়ান দেশবাসীকে শত্রুর বিরুদ্ধে ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানিয়ে বলেছেন, ইরান অন্যায়ের কাছে মাথা নত করবে না।

এদিকে, রয়টার্সের এক প্রতিবেদনে বলা হয়েছে, ইয়েমেনের হুথি গোষ্ঠী দক্ষিণ লোহিত সাগর দিয়ে চলাচলকারী বাণিজ্যিক জাহাজের কাছ থেকে ফি আদায়ের পরিকল্পনা করছে। যদিও এ পরিকল্পনা কবে কার্যকর হবে, সে বিষয়ে কিছু জানানো হয়নি।

সংঘাতের জেরে আন্তর্জাতিক জ্বালানি বাজারেও বড় প্রভাব পড়েছে। বুধবার ব্রেন্ট ক্রুডের দাম ৭ শতাংশের বেশি বেড়ে ব্যারেলপ্রতি ৯০ ডলারের ওপরে উঠে যায়, যা সাম্প্রতিক মাসগুলোর অন্যতম বড় মূল্যবৃদ্ধি।

এদিকে পাকিস্তানের পররাষ্ট্রমন্ত্রী ইসহাক দার ও মিশরের পররাষ্ট্রমন্ত্রী বদর আবদেলাত্তির মধ্যে টেলিফোনে আলোচনা হয়েছে। তারা গাজা ও পশ্চিম তীরের পরিস্থিতি নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করে অবিলম্বে যুদ্ধবিরতি, মানবিক সহায়তা নিশ্চিত করা এবং আন্তর্জাতিক আইন মেনে চলার আহ্বান জানান।

---


## এ বিভাগের আরও খবর



**ইন্দোনেশিয়ায় ভয়াবহ ভূমিকম্প, নিহত বেড়ে ৪৭**

ইন্দোনেশিয়ার পূর্বাঞ্চলে ৭ দশমিক ৭ মাত্রার শক্তিশালী ভূমিকম্পে নিহতের সংখ্যা বেড়ে ৪৭ জনে দাঁড়িয়েছে। দেশটির জাতীয় দুর্যোগ ব্যবস্থাপনা সংস্থার...




### লেবাননে ইসরাইলি বিমান হামলায় ৩ শিশুসহ নিহত ১১

দক্ষিণ লেবাননে ইসরাইলি বিমান হামলায় অন্তত ১১ জন নিহত হয়েছেন।  নিহতদের মধ্যে তিন শিশু রয়েছে। শনিবারের (১৫ আগস্ট) এ হামলাকে গত জুনে ইসরাই...



### তেহরান শিগগিরই □নিউ ডেভেলপমেন্ট ব্যাংকে□ যোগ দিতে চলেছে: ইরানি গভর্নর

ব্রিকস শীর্ষ সম্মেলনে যোগ দিতে ভারতে আসছেন ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান। আগামী ১২-১৩ সেপ্টেম্বর নয়াদিল্লিতে অষ্টাদশ ব্রিকস শীর্ষ সম্মা...



### ইন্দোনেশিয়ায় ফের শক্তিশালী ভূমিকম্প

ইন্দোনেশিয়ায় এক দিনের ব্যবধানে ফের শক্তিশালী ভূমিকম্প আঘাত হেনেছে। ভোরে ৭ দশমিক ৭ মাত্রার শক্তিশালী ভূমিকম্পের পর দেশটির উত্তর সুমাত্রা প্রদ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/international/mdhjprachje-ntun-frnte-juddh-misrer-gjas-bndre-bisforn